# School Certificate Examination 2017
# History (Old)

**Time : 3 Hours** **Full Marks : 80**

**Questions are of value as indicated in the margin**

১। **সম্পূর্ণ বাক্যে উত্তর দাও (যে কোনো দশটি):** ১×১০=১০

(ক) বাংলার নবাব সিরাজউদ্দৌলার রাজধানী কোথায় ছিল?
(খ) কোন্ সালে ইংরেজ ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী বাংলার দেওয়ানি লাভ করে?
(গ) ভারতের কোন্ গভর্ণর জেনারেল 'স্বত্ববিলোপ নীতি' প্রবর্তন করেছিলেন?
(ঘ) কোন্ ভারতীয় রাজা সর্বপ্রথম 'অধীনতামূলক মিত্রতা নীতি' গ্রহণ করেন?
(ঙ) বাংলায় ওয়াহাবি আন্দোলনের নেতা কে ছিলেন?
(চ) ১৮৫৭ সালের মহাবিদ্রোহের সময় দিল্লির মুঘল বাদশাহ কে ছিলেন?
(ছ) ইয়ংবেঙ্গল দলের প্রতিষ্ঠাতা কে ছিলেন?
(জ) 'যত মত তত পথ' – কে বলেছেন?
(ঝ) স্যার সৈয়দ আহমেদ খান প্রবর্তিত কলেজটির নাম কী?
(ঞ) চার্লস উডের শিক্ষাবিষয়ক কতকগুলি সুপারিশ (যা 'উডের ডেসপ্যাচ' নামে পরিচিত) কবে ঘোষিত হয়?
(ট) 'তত্ত্ববোধিনী পত্রিকা' কে প্রবর্তন করেন?
(ঠ) 'বাংলার মাটি বাংলার জল' – গানটির রচয়িতা কে?
(ড) কে ডাক দিয়েছিলেন – 'করেঙ্গে ইয়া মরেঙ্গে'?
(ঢ) 'ইণ্ডিয়া উইনস ফ্রিডম' (India wins Freedom) কে রচনা করেন?
(ণ) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতিকে কে নিয়োগ করেন?

২। **সঠিক উত্তরটি বেছে নিয়ে সম্পূর্ণ বাক্যে উত্তর দাও (যে কোনো চারটি):** ১×৪=৪

(ক) বাঁশের কেল্লা নির্মাণ করেছিলেন – নোয়ামিঞা/চিরাগ আলি শাহ্/তিতুমির।
(খ) ভবানী পাঠক ছিলেন – কোলবিদ্রোহের নেতা/সাঁওতাল বিদ্রোহের নেতা/ সন্ন্যাসী বিদ্রোহের নেতা।
(গ) সূর্যাস্ত আইন প্রবর্তন করেন – লর্ড ডালহৌসি/লর্ড কর্ণওয়ালিশ/ লর্ড ওয়াভেল।
(ঘ) নানা ফড়নবিশ ছিলেন – মারাঠা রাজনীতিবিদ/ বাংলার নবাব/মহীশূরের শাসক।
(ঙ) ভারতছাড়ো আন্দোলনের অপর নাম – সত্যাগ্রহ আন্দোলন/খোয়াই আন্দোলন/আগষ্ট আন্দোলন।
(চ) ভারতের নিয়মতান্ত্রিক প্রধান হলেন – রাষ্ট্রপতি/প্রধানমন্ত্রী/মুখ্যমন্ত্রী।
(ছ) কত বছর বয়সে ভারতীয় নাগরিক ভোটদানের অধিকারী হন?
১৫ বছর বয়সে/১৭ বছর বয়সে/১৮ বছর বয়সে।

৩। **ডানদিকের তথ্যের সাথে বামদিকের তথ্য মিলিয়ে লেখ (যে কোনো চারটি):** ১×৪=৪

| | |
|---|---|
| (ক) রাখিবন্ধন | (১) দীনবন্ধু মিত্র |
| (খ) শিবাজী উৎসব | (২) রামমোহন রায় |
| (গ) আত্মীয় সভা | (৩) রবীন্দ্রনাথ ঠাকুর |
| (ঘ) নীলদর্পন | (৪) বালগঙ্গাধর তিলক |
| (ঙ) হিন্দু মেলা | (৫) দেবেন্দ্রনাথ ঠাকুর |
| (চ) আদি ব্রাহ্মসমাজ | (৬) নবগোপাল মিত্র |

৪। **কালানুক্রম অনুসারে লেখ:** ১×৪=৪

(ক) আইন অমান্য আন্দোলন
(খ) পলাশীর যুদ্ধ
(গ) সিপাহী বিদ্রোহ
(ঘ) বঙ্গভঙ্গ

৫। **শূণ্যস্থান পূরণ কর (যে কোনো চারটি):** ১×৪=৪

(ক) _______ খ্রিষ্টাব্দে মহারাণী ভিক্টোরিয়ার ঘোষনাপত্রটি প্রকাশ হয়।

(খ) ডাণ্ডী অভিযান _______ আন্দোলনের সময়কার ঘটনা।

(গ) 'খোদা-ই-খিৎমদগার' দলের প্রতিষ্ঠাতা ছিলেন _______।

(ঘ) ভারতের জাতীয় কংগ্রেস _______ খ্রিষ্টাব্দে প্রতিষ্ঠিত হয়।

(ঙ) হিটলারের আত্মজীবনীমূলক গ্রন্থের নাম _______।

(চ) চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠনের নায়ক ছিলেন _______।

(ছ) স্বাধীন ভারতের প্রথম রাষ্ট্রপতি ছিলেন _______।

৬। **সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নের উত্তর দাও (যে কোনো চারটি):** ৬×৪=২৪

(ক) আলিনগরের সন্ধি কত খ্রিষ্টাব্দে এবং কাদের মধ্যে হয়েছিল? দস্তক কী? 'পলাশির লুণ্ঠন' বলতে কী বোঝো? ২+২+২=৬

(খ) স্বত্ববিলোপ নীতি কে চালু করেন? ওই নীতির মূল কথা কী? ওই নীতি প্রয়োগ করে সর্বপ্রথম কোন্ দেশীয় রাজ্যকে ব্রিটিশ সাম্রাজ্যের অন্তর্ভুক্ত করা হয়? ১+৪+১=৬

(গ) সাঁওতাল বিদ্রোহের একজন নেতার নাম উল্লেখ কর। এই বিদ্রোহের প্রধান কারণ কী? এই বিদ্রোহের গুরুত্ব কী ছিল? ১+৩+২=৬

(ঘ) ইলবার্ট বিল কী? কারা এই বিলের বিরোধিতা করেছিল? ঐ বিলের পরিণতি কি হয়েছিল?২+২+২=৬

(ঙ) জাতীয় কংগ্রেস কত খ্রিষ্টাব্দে প্রতিষ্ঠিত হয়? নরমপন্থী ও চরমপন্থী বলতে কী বোঝো? কংগ্রেসের কোন্ অধিবেশনে নরমপন্থী ও চরমপন্থীদের বিচ্ছেদ ঘটে? ১+৩+২=৬

(চ) গান্ধিজি কোন্ দুটি বিশেষ গ্রন্থ্ দ্বারা সত্যাগ্রহের আদর্শে প্রভাবিত হয়েছিলেন? কেন তিনি সত্যাগ্রহ নীতি গ্রহন করেন? কোথায় তিনি সর্বপ্রথম সত্যাগ্রহের প্রয়োগ ঘটান? ২+৩+১=৬

(ছ) বর্তমানে ভারতীয় নাগরিকদের মৌলিক অধিকার কয়টি? এগুলির পরিচয় দাও। ২+৪=৬

৭। **রচনাধর্মী উত্তরভিত্তিক প্রশ্নের উত্তর দাও (যে কোনো তিনটি):** ১০×৩=৩০

(ক) পলাশীর যুদ্ধ কত খ্রিষ্টাব্দে ও কাদের মধ্যে হয়েছিল? এই যুদ্ধের কারণগুলি আলোচনা কর। ১+১+৮=১০

(খ) ঊনবিংশ শতকের সমাজ-সংস্কারক হিসেবে রামমোহন রায়ের অবদান উল্লেখ কর। ১০

(গ) ভারতীয় জাতীয় কংগ্রেস কবে প্রতিষ্ঠিত হয়? এর প্রথম সভাপতি কে? কংগ্রেস প্রতিষ্ঠার পটভূমি আলোচনা করো। ১+১+৮=১০

(ঘ) বাংলার যে কোনো দুটি বিপ্লবী সমিতির নাম লেখ। দু'জন বিপ্লবীর নাম উল্লেখ করো। বিপ্লবী আন্দোলন সম্বন্ধে সংক্ষেপে লেখ। ২+৮=১০

(ঙ) মহাত্মা গান্ধির নেতৃত্বে অহিংস-অসহযোগ আন্দোলনের বিবরণ দাও। ১০

(চ) ১৯৪২ খ্রিষ্টাব্দের আগষ্ট আন্দোলনের সংক্ষিপ্ত বিবরণ দাও। ১০

(ছ) ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনে গান্ধিজির ভূমিকা পর্যালোচনা করো। ১০